গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইন শাখা
www.mowca.gov.bd

নম্বর: ৩২.০০.০০০০.০৩৯.২২.০৯১.১৮.১৩৭

তারিখ: ২৪ কার্তিক ১৪২৫
০৮ নভেম্বর ২০১৮

প্রজ্ঞাপন

"বাল্যবিবাহ নিরোধ বিধিমালা, ২০১৮" এর বিধি ১২(১) অনুযায়ী ইউনিয়ন কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

| | |
|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, যিনি উহার সভাপতিও হইবেন; |
| ২. | ইউনিয়ন পরিষদের সকল ওয়ার্ড সদস্য; |
| ৩. | নিকাহ রেজিস্ট্রার; |
| ৪. | উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত –<br>(ক) প্রাথমিক বিদ্যালয় এবং মাধ্যমিক বিদ্যালয়ের একজন করিয়া প্রধান শিক্ষক;<br>(খ) মাদ্রাসার একজন অধ্যক্ষ বা তত্ত্বাবধায়ক;<br>(গ) বাল্যবিবাহ প্রতিরোধ অথবা নারী ও শিশু অধিকার সম্পর্কিত কার্যক্রম রহিয়াছে এইরূপ দুইটি বেসরকারি সংস্থার (এনজিও) একজন করিয়া উপযুক্ত প্রতিনিধি; এবং |
| ৫. | ইউনিয়ন পরিষদের সচিব, যিনি উহার সদস্য-সচিবও হইবেন। |

ক্রমিক নং ৪ এর অধীন বর্ণিত মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ৩(তিন) বৎসর মেয়াদে সদস্যপদে অধিষ্ঠিত থাকিবেন;

তবে শর্ত থাকে যে, উপজেলা নির্বাহী কর্মকর্তা উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোনো সময়,কারণ দর্শানো ব্যতিরেকে, উক্তরূপ মনোনীত কোনো সদস্যকে সদস্য পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে এবং মনোনীত কোনো সদস্যও উপজেলা নির্বাহী কর্মকর্তার উদ্দেশ্যে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন ।

ইউনিয়ন কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে উহার সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

০২। **ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলি:** "বাল্যবিবাহ নিরোধ বিধিমালা, ২০১৮" এর বিধি ১৪ অনুযায়ী ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপ হইবে –

(ক) উপজেলা কমিটি হইতে প্রাপ্ত নির্দেশনা বা সুপারিশ বাস্তবায়ন;

(খ) প্রতি পঞ্জিকা বৎসরের শুরুতে বাল্যবিবাহ প্রতিরোধকল্পে কর্মপরিকল্পনা গ্রহণ ও উহা বাস্তবায়ন;

(গ) বাল্যবিবাহ প্রতিরোধের চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং উহা নিরসনে উপজেলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ; এবং

(ঘ) প্রতি মাসে সম্পাদিত কার্যাবলীর প্রতিবেদন তপশিল-৩ এ উল্লিখিত ফরম ক,খ ও গ অনুযায়ী প্রণয়ন এবং উহার অনুলিপি উপজেলা কমিটির সভাপতির নিকট প্রেরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৮-১১-২০১৮

দিলওয়ারা আলো
উপ-সচিব
ফোন: ৯৫৪৫৫৬১
ইমেইল: saslaw@mowca.gov.bd

নম্বর: ৩২.০০.০০০০.০৩৯.২২.০৯১.১৮.১৩৭/১(৭৬৫)

তারিখ: ২৪ কার্তিক ১৪২৫
০৮ নভেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অবহিতকরণসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো )।

২) জেলা প্রশাসক (সকল)

৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল) (নিজ নিজ অধিক্ষেত্রে প্রজ্ঞাপনে উল্লিখিত ইউনিয়ন কমিটির সকল সদস্যকে অবহিতকরণসহ পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

৪) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট

৬) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুর

৭) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর

৮) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, লোহাগড়া, নড়াইল

৯) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কালিয়া, নড়াইল

১০) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কিশোরগঞ্জ, নীলফামারী

১১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ডোমার, নীলফামারী

১২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, হরিণাকুন্ডু, ঝিনাইদহ

১৩) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কালীগঞ্জ, ঝিনাইদহ

১৪) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ

১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ

১৬) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ

১৭) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, [illegible]